

বাংলাদেশে খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের প্রতিদিনের খাদ্যে প্রাপ্ত প্রাণিজ প্রোটিনের প্রায় ৬০ শতাংশ যোগান দেয় মাছ। বাউফল উপজেলায় বিগত ২০০৮ খ্রি. হতে ২০১৭ খ্রি. পর্যন্ত মৎস্য সেক্টরের অগ্রযাত্রা ক্রমান্বয়ে আশাতীতভাবে বেড়েছে।

বাউফল উপজেলায় মৎস্য উৎপাদন বাড়ানোর জন্য যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ০৪

- মৎস্যচাষী, মৎস্যজীবী, গন্যমান্য ব্যক্তিবর্গ ও সাধারণ জনগনকে মাছ চাষে আগ্রহ সৃষ্টির জন্য প্রতি বছর মৎস্য সপ্তাহ উদযাপন করা হচ্ছে।
- উন্মুক্ত জলাশয়ে কার্প ও দেশীয় মাছের পোনা অবমুক্তি।
- বিল নার্সারী স্থাপন।
- দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য অভয়াশ্রম স্থাপন।
- কার্প, মনোসেক্স তেলাপিয়া ও পাঞ্জাস মাছের উৎপাদন বৃদ্ধির জন্য কারিগরি সহায়তা প্রদান।
- মাছের আবাসস্থল উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পুকুর, দিঘী, খাল ইত্যাদি পুনঃখনন।
- মৎস্য চাষীদের মাছ চাষে উদ্বুদ্ধ করণের জন্য মৎস্য প্রদর্শনী খামার স্থাপন।
- ইউনিয়ন পষায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের মাধ্যমে মৎস্য প্রদর্শনী স্থাপন, সিবিজি গঠন, মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান ও প্রতি ইউনিয়নে ২ (দুই) জন করে লিফ (স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি) নিয়োগ।
- মৎস্যচাষ ও মৎস্য সম্পদ ব্যবহারে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে। গুণগত মান সম্পন্ন মাছের পোনা প্রাপ্তি ও মাছের উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য হ্যাচারী আইন ও মৎস্য খাদ্য আইন প্রয়োগ করা হচ্ছে।
- ফরমালিনমুক্ত ও নিরাপদ মাছ প্রাপ্তির জন্য মৎস্য মাননিয়ন্ত্রণ আইন প্রয়োগ করা হচ্ছে।
- ইলিশ মাছের উৎপাদন বৃদ্ধির জন্য মধুমতি নদী, গড়াই নদী ও বিভিন্ন হাট-বাজারে নিয়মিত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হচ্ছে।
- সটেইনেবল কোষ্টার এন্ড মেরিগ ফিশারিজ প্রজেক্টের আওতায় গভীর সমুদ্রে আহরণকারী নৌযানে ট্র্যাকিং এবং কন্ট্রোলিং এর জন্য ডিভাইস সংযুক্ত করা।
- জেলেদের অধিকার নিশ্চিত করণের জন্য প্রকৃত জেলেদের আইডি কার্ড প্রদান করা হচ্ছে।
- ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান হিসেবে উপকরণ হিসেবে গরু (বকনা) এবং অবৈধ জাল ব্যবহার বন্ধে গুপ্ত ভিত্তিক অবৈধ জাল সংগ্রহ করে বৈধ জাল বিতরণ।
- গত আর্থিক সালে মৎস্য বীজ উৎপাদন খামারে হ্যাচারী, অফিস ভবন সংস্কারসহ জেলা মৎস্য দপ্তরের অফিস ভবন বর্ধিতকরণ ও গ্যারেজ নির্মাণের কাজ সমাপ্ত করা হয়েছে।
- সার্বিকভাবে বাউফল উপজেলায় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য চাষী ও বেকার যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ, অফিসে পরামর্শ প্রদান ও মাছ চাষীদের খামার পরিদর্শন করে কারিগরী সহায়তা প্রদান করা হচ্ছে।
 - উপজেলার মৎস্য উৎপাদন বৃদ্ধি করা।
 - মৎস্য সম্পদ রক্ষায় উপজেলা প্রশাসনের সহায়তায় মৎস্য আইন বাস্তবায়ন করা।
 - গুড অ্যাকোয়াকালচার প্রাক্টিসের মাধ্যমে উপজেলার জলাশয়ে স্বাস্থ্যসম্মত উপায়ে মাছের উৎপাদন বৃদ্ধি।
 - ক্লস্টার বেসিসে আলোচনার মাধ্যমে তরুনদেরকে উদ্যোক্তা হওয়ার অনুপ্রেরণা যোগানো।